

ফতওয়া নং ৪২৮

প্রশ্ন:

ইমাম সাহেব মাসআলা-মাসাইল খুবই জ্ঞাত। কিন্তু উনার তিলাওয়াত লেহনে জলি। উনার পিছনে সহীহ তিলাওয়াত ওয়ালা আলিম ইক্তিদা করলে বাকি মুক্তাদীদের নামায সহীহ হবে না বাতিল হবে? উত্তর দিয়ে বাধিত করবেন। ইনশাআল্লাহ

উত্তর:

লাহনে জলী হলেও সকল ভুলের কারণে নামায নষ্ট হয় না। সুতরাং ইমাম সাহেবের কিরাত যদি নামায নষ্ট হওয়ার মতো ভুল না হয়ে থাকে, তাহলে উক্ত ইমামের পেছনে বিশুদ্ধ কিরাতের অধিকারী ব্যক্তি নামায পড়লেও সকলের নামায হয়ে যাবে। যদিও এ ধরনের ভুলের কারণে ইমাম সাহেব গোনাহগার হবেন। আর যদি এমন ভুল হয়, যার দ্বারা অর্থ পরিবর্তন হয়ে নামায নষ্ট হয়ে যায়, তাহলে বিশুদ্ধ কিরাতের অধিকারী ব্যক্তি ইক্তিদা করার দ্বারা ইমাম ও সকল মুক্তাদীর নামায নষ্ট হয়ে যাবে। তাই সর্বাবস্থায় দ্বীনদার মুত্তাকী ও নামাযের রুকন সঠিকভাবে আদায় করেন ও শুদ্ধভাবে কোরআন তেলাওয়াত করেন, এমন আলেমে দ্বীন ব্যক্তিকে ইমাম নিযুক্ত করা আবশ্যিক। (শামী ১/৫৮২, আল জাওহারাতুনাইয়েরাহ্ ১/১৮৪ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
৮ মুহাররম, ১৪৪৬ হিজরী (15/07/2024)